ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট
অনুশীলনী পরীক্ষা

প্রিয় পিতামাতা/অভিভাবক,

অনুগ্রহপূর্বক জানবেন, এই চিঠির সঙ্গে ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট: সপ্তম সংস্করণ (ওলস্যাট) অনুশীলনী প্রশ্নপত্র সংযুক্ত রয়েছে। সন্তান বাস্তবে যে পরীক্ষার মুখোমুখি হবে, সে সম্পর্কে তাকে অভ্যস্ত করতে আপনি এ অনুশীলনী প্রশ্নপত্র ব্যবহার করতে পারেন। এই ওলস্যাট অনুশীলনী প্রশ্নপত্র অত্যন্ত গোপনীয়। নিচের শর্তের সাথে একমত হওয়া সাপেক্ষে এই অনুশীলনী প্রশ্নপত্রের গোপনীয়তা রক্ষা করা আপনার দায়িত্ব:

- প্রশ্নপত্রের সাধারণ বা বিশেষ উপাদান নিয়ে কারো সাথে আলোচনা করবেননা;
- এ প্রশ্নপত্র বা নির্দেশনার কোন অংশ কপি করবেননা;
- এ অনুশীলনী শুধুমাত্র সেই শিক্ষার্থীদের পিতামাতা/অভিভাবকেরা ব্যবহার করতে পারবেন, যারা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের মেধাবী ও প্রতিভাবান কর্মসূচিতে ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার জন্য আবেদনপত্র পূরণ করেছে।

প্রি-কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের পিতামাতাগণ: অনুগ্রহ করে জেনে রাখবেন যে, উত্তরপত্রে শিক্ষার্থীরা বৃত্ত ভরাট করবে বলে প্রত্যাশা করা হবেনা; তবে তাদেরকে প্রতিটি ক্ষেত্রে পেন্সিল দিয়ে স্পষ্টভাবে তাদের নির্বাচিত উত্তর দেখিয়ে দিতে সক্ষম হতে হবে।

ও.এল.এস.এ.টি. (OLSAT)

ওটিস–লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট

সপ্তম সংস্করণ

আর্থার এস. ওটিস • রজার টি লেনন

অনুশীলনী পরীক্ষা

লেভেল ‘এ’

পরিচালনার জন্য নির্দেশনা

Harcourt Assessment

015861030X

স্বত্ব © 2006 by Harcourt Assessment, Inc.
প্রমিত সংস্করণের স্বত্ব © 1995 by Harcourt Brace and Company.
সকল স্বত্ত্ব সংরক্ষিত। প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত এই প্রকাশনার কোন অংশ ফটোকপি, রেকর্ডিং, বা কোন ধরনের তথ্য সংরক্ষণ বা পুনরুদ্ধার প্রক্রিয়া সহ ইলেক্ট্রনিক বা যান্ত্রিক কোন মাধ্যমে বা উপায়ে, পুনঃপ্রকাশ বা প্রচার করা যাবেনা। *'HARCOURT' (হারকোর্ট)* এবং *'Harcourt' লোগো* হচ্ছে হারকোর্ট, ইনক.–এর ট্রেডমার্ক যা যুক্তরাষ্ট্র এবং/অথবা অন্যান্য এখতিয়ারভুক্ত এলাকায় নিবন্ধিত। *Otis-Lennon School Ability Test' ('ওটিস–লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট')* এবং *'OLSAT' ('ও.এল.এস.এ.টি.')* হচ্ছে যুক্তরাষ্ট্র এবং/অথবা অন্যান্য এখতিয়ারভুক্ত এলাকায় নিবন্ধিত ট্রেডমার্ক। এই কাজের অংশবিশেষ পূর্বে প্রকাশিত হয়েছে। যুক্তরাষ্ট্রে মুদ্রিত।

অনুশীলনী পরীক্ষা পরিচালনার জন্য নির্দেশনা

এই অনুশীলনী পরীক্ষার উদ্দেশ্য হচ্ছে শিক্ষার্থীদেরকে *ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট* (ও.এল.এস.এ.টি., OLSAT)-এ অবতীর্ণ হওয়ার জন্য প্রস্তুত করা, যাতে পরীক্ষায় যে ধরনের প্রশ্ন আসে তার সাথে তারা পরিচিত হতে পারে। তারা পৃষ্ঠার বাম থেকে ডানে একটি সারি অনুসরণ করতে, তাদের উত্তরে যথাযথভাবে দাগ দিতে এবং প্রয়োজনবোধে তাদের উত্তর পরিবর্তন করতে শিখবে।

সত্যিকার পরীক্ষায় কি আসতে পারে তা বুঝতে অনুশীলনী পরীক্ষাগুলো শিক্ষার্থীদেরকে সহায়তা করে এবং এর ফলে উদ্বেগ কমাতে সাহায্য করে।

অনুশীলনী পরীক্ষায় কোন নম্বর দেয়া হবে না। সুতরাং, প্রশ্নগুলো সফলভাবে সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদেরকে যথাসম্ভব সহায়তা করতে হবে। সবচেয়ে কার্যকর ব্যবহারের জন্য, নিয়মিত পরীক্ষার তারিখের প্রায় এক সপ্তাহ আগে অনুশীলনী পরীক্ষা পরিচালনা করতে হবে। আপনার সুবিধার জন্য প্রশ্নগুলোর সঠিক উত্তর 12 নম্বর পৃষ্ঠায় দেয়া হয়েছে।

পরিচালনার জন্য সুনির্দিষ্ট নির্দেশনা

আপনার সন্তানের জন্য যে নির্দেশনাগুলো পড়তে হবে সেগুলো *বাঁকা* হরফে দেয়া হয়েছে। পিতামাতাদের জন্য নির্দেশনাগুলো (এগুলো উচ্চস্বরে পড়তে হবে না) সাধারণ হরফে দেয়া হয়েছে। পরীক্ষার সময় কোন প্রশ্ন পড়তে যদি আপনি ভুল করেন, তাহলে থেমে যাবেন এবং বলবেন, "না, এটা ভুল হয়েছে। আবার শোন।" তারপর সেই প্রশ্ন বা নির্দেশনাটি সঠিকভাবে পড়ুন।

বলুন

আজ আমরা কিছু আকর্ষণীয় কাজ করতে যাচ্ছি যেগুলো ধাঁধার মতো। আমি তোমাকে একটি পুস্তিকা দেব। কি করতে হবে তা আমি তোমাকে বলার আগে পর্যন্ত তোমার পুস্তিকাটিতে কিছু লিখবে না।

বাঁকা হরফের নির্দেশনাগুলো আপনার সন্তানকে প্রশ্ন পড়ে শোনানো সহজ করে

আপনার সন্তান একটি পুস্তিকা, একটি পেন্সিল এবং একটি ইরেজার পেয়েছে তা নিশ্চিত করুন।

বলুন

তোমার পুস্তিকাটির নম্বর পৃষ্ঠা 3 খোল। এখন প্রথম সারির দিকে লক্ষ্য কর, যেখানে তুমি সারির শুরুতে একটি ছোট তারা দেখতে পাচ্ছ। তারাটির উপর তোমার আঙুল রাখ।

আপনার সন্তান তার পুস্তিকাটি সঠিকভাবে খুলেছে এবং সেটি পৃষ্ঠা 3 দেখাচ্ছে তা নিশ্চিত করুন।

বলুন

ওয়ান। যখন ছবিগুলো পৃষ্ঠার উপর এভাবে আড়াআড়িভাবে থাকে, তখন আমরা বলি যে তারা একটি সারিতে রয়েছে।

পৃষ্ঠাজুড়ে বাম থেকে ডানে আপনার আঙুল নিয়ে যাওয়ার মাধ্যমে তা দেখিয়ে দিন।

বলুন

এই সারিতে, তুমি দেখছো একটি মেয়ে পিয়ানো বাজাচ্ছে, একটি মেয়ে ছবি আঁকছে, একটি ছেলে হারমোনিকা বাজাচ্ছে, একটি ছেলে ট্র্যাম্পেট বাজাচ্ছে, এবং একটি মেয়ে বেহালা বাজাচ্ছে। এই ছবিগুলোর একটি অন্য ছবিগুলোর মতো নয়, কারণ এটিতে এমন কিছু দেখা যাচ্ছে যা অন্য ছবিগুলোর মতো নয়। চলো একসাথে খুঁজে বের করি কোন ছবিটি অন্য ছবিগুলোর মতো নয়। এই সারির সবগুলো ছবি দেখাচ্ছে যে শিশুরা কিছু করছে। তুমি কি আমাকে বলতে পারবে যে কি কারণে এখানকার একটি শিশু অন্যদের চেয়ে ভিন্ন?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, ঠিক ধরেছ। যে ছবিটি দেখাচ্ছে একটি মেয়ে ছবি আঁকছে সেটি ভিন্ন, তাই না? অন্য সব শিশুরা একটি বাদ্যযন্ত্র বাজাচ্ছে। ছবি আঁকা মেয়েটি এই সারির অন্য ছবিগুলোর সাথে মিলে না।

এখন আমি তোমাকে দেখাবো যে কিভাবে তোমার উত্তরে দাগ দিতে হবে। তুমি কি ছবিগুলোর নিচে ছোট ছোট বৃত্তগুলো দেখতে পাচ্ছ? আমরা এগুলোকে বলি উত্তরের স্থান। যেহেতু ছবি আঁকা মেয়েটি এই সারির অন্য ছবিগুলোর সাথে মিলে না, তাই তুমি ছবি আঁকা মেয়েটির নিচের বৃত্তটি পূরণ করবে। এভাবে দাগ দিতে হবে।

একটি উত্তরের বৃত্ত এঁকে এবং এটিকে পূরণ করে, উত্তরের স্থানটি কিভাবে চিহ্নিত করতে হবে তা আপনার সন্তানকে দেখিয়ে দিন। আপনার সন্তান তার সম্পূর্ণ দাগটি শুধুমাত্র উত্তরের বৃত্তের ভিতরেই রাখতে হবে তার প্রয়োজন নেই, এবং বৃত্তের ভিতরের অংশটি সম্পূর্ণভাবে ভরাট করার প্রয়োজন নেই। আপনার সন্তান কোন উত্তর পরিবর্তন করতে চাইলে কিভাবে সেটি মুছে ফেলতে হবে তা দেখিয়ে দিন। আপনি পরীক্ষা পরিচালনা করা শুরু করার পর, নির্দেশনাগুলো সঠিকভাবে অনুসরণ করা নিশ্চিত করুন।

একটি উত্তরের স্থান কিভাবে পূরণ করতে হবে তা দেখিয়ে দিলে ছোট শিশুদের সুবিধা হয়।

বলুন
টু। এখন যে সারিতে ছাতাটি রয়েছে সেই সারির নিচে তোমার আঙুলটি রাখ। এই সারিতে, তুমি ছোট ছোট বৃত্ত সহ কয়েকটি আকৃতি দেখতে পাচ্ছ। এই গুলোর একটি আকৃতি অন্যগুলোর সাথে মিলে না। কোন আকৃতিটি অন্যগুলোর সাথে মিলে না?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
হ্যাঁ, ঠিক ধরেছ। শেষ উত্তরটি সঠিক, তাই না? এই আকৃতিটি অন্যগুলোর সাথে মিলে না কারণ এটিই একমাত্র আকৃতি যেখানে কালো জায়গায় একটি সাদা বৃত্ত রয়েছে। অন্য সবগুলোতে সাদা জায়গায় কালো বৃত্ত রয়েছে। শেষ আকৃতিটির নিচের বৃত্তে দাগ দাও। তুমি কি বুঝতে পারছ যে কি করতে হবে?

সতর্কতার সাথে ব্যাখ্যা করলে শিশুদের বুঝতে সুবিধা হয় যে ভুল উত্তরগুলো কেন ভুল।

বলুন
থ্রি। পরবর্তী সারির উপর তোমার আঙুলটি রাখ, যেখানে হৃৎপিণ্ডটি রয়েছে। তুমি উত্তরের জায়গাটি দেখতে পাচ্ছ তা নিশ্চিত করো। এই সারিতে, তুমি শিশুদের কিছু ছবি দেখতে পাচ্ছ যারা ভিন্ন ভিন্ন কাজ করছে। যে ছবিটি অন্যগুলোর সঙ্গে মিলে না সেটির নিচের বৃত্তটিতে দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন
তুমি কোন্ জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
হ্যাঁ, তুমি নিশ্চয়ই প্রথম ছবিটির নিচের জায়গায় দাগ দিয়েছ – যেটিতে ছেলেটি মই বেয়ে উপরে উঠছে – কারণ অন্য সবগুলো ছবিতে দেখা যাচ্ছে যে শিশুরা লাফাচ্ছে। তুমি কি বুঝতে পারছ যে প্রথম ছবিটি কেন সঠিক উত্তর?

আপনার সন্তান নম্বর থ্রি প্রশ্নটি বুঝতে পেরেছে তা নিশ্চিত করুন। প্রয়োজনবোধে আরো ব্যাখ্যা করুন। তারপর প্রশ্ন 4–এ চলে যান।

বলুন
ফোর। এখন তোমার আঙুলটি নিচে নামাও এবং যে সারিতে ক্রেয়ন রয়েছে সেই সারির উপর তোমার আঙুলটি রাখ। তুমি উত্তরের জায়গাটি দেখতে পাচ্ছ তা নিশ্চিত করো। এই সারিতে, তুমি কয়েকটি বৃত্ত দেখতে পাচ্ছ যেগুলোর মধ্যে তীরচিহ্ন রয়েছে। যে বৃত্তটি অন্যগুলোর সাথে মিলে না সেটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন
তুমি কোন জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, তৃতীয় বৃত্তটি অন্যগুলোর সাথে মিলে না, তাই না? তৃতীয় বৃত্তটিতে তীরচিহ্নগুলো পরস্পর বিপরীত দিকে মুখ করে আছে। অন্য বৃত্তগুলোতে তীরচিহ্নগুলো বিভিন্ন দিকে মুখ করে আছে কিন্তু শুধু তৃতীয় বৃত্তটিতে তীরচিহ্নগুলো বিপরীত দিকে মুখ করে আছে। তুমি কি বুঝতে পেরেছো?

সব প্রশ্নের উত্তর দিন।

বলুন

যদি তুমি অন্য কোন বৃত্তের নিচের দাগ দিয়ে থাক, তাহলে সেই দাগটি মুছে ফেল এবং তারপর তৃতীয় বৃত্তটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

বলুন

এখন পৃষ্ঠাটি উল্টাও। প্রথম সারির শুরুতে তুমি একটি স্কেল দেখতে পাবে।

ফাইভ। প্রথম সারির উপর তোমার আঙুলটি রাখ, যেটির সাথে স্কেলটি রয়েছে। স্কেলটির পাশে, তুমি চারটি বাক্স দেখতে পাচ্ছ। উপরের প্রথম ঘরে, একটি রাস্তার ছবি রয়েছে। এর পাশের ঘরে, একটি কার আছে। রাস্তা এবং কারটি একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। নিচের প্রথম ঘরে, একটি রেলপথ রয়েছে। অন্য ঘরটি খালি রয়েছে। এখন ঘরগুলোর পাশে ছবির সারিটির দিকে তাকাও এবং চিন্তা কর যে খালি ঘরে কি থাকা উচিত। রাস্তার সাথে কারটি গেলে একইভাবে রেলপথের সাথে কি যাবে? তোমার উত্তরের নিচের বৃত্তে দাগ দাও।

প্রতিবার পরীক্ষার ধরন পরিবর্তনের সময় আপনার সন্তানের কাছে সতর্কতার সাথে ব্যাখ্যা করতে হবে।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কি উত্তরটি খুঁজে পেয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, খালি ঘরে ট্রেনটি বসবে। রাস্তার সাথে কারটি গেলে একইভাবে রেলপথের সাথে ট্রেনটি যাবে। অন্যান্য উত্তরগুলো – একটি স্টেশন, একটি ট্রাক, এবং একটি ইঞ্জিন – রেলপথটির সাথে একইভাবে যায় না, যেভাবে একটি রাস্তার সাথে একটি কার যায়। তুমি কি বুঝতে পারছ যে ট্রেনটি কেন সঠিক উত্তর?

আপনার সন্তান প্রক্রিয়াটি বুঝতে পারছে তা নিশ্চিত করার জন্য অনুশীলনী পরীক্ষায় যতক্ষণ প্রয়োজন সময় দিতে পারেন।

আপনার সন্তান নম্বর ফাইভ প্রশ্নটি বুঝতে পেরেছে তা নিশ্চিত করুন। প্রয়োজনবোধে আবারো ব্যাখ্যা করুন।

বলুন

সিক্স। এখন পরবর্তী সারির উপর তোমার আঙুলটি রাখ, যেখানে তুমি গাছটি দেখতে পাচ্ছ। উপরের দুইটি ঘরে, তুমি একটি বড় কালো ত্রিভুজ এবং একটি ছোট সাদা ত্রিভুজ দেখতে পাচ্ছ। এই ত্রিভুজগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। নিচের প্রথম ঘরে, একটি বড় কালো বর্গক্ষেত্র রয়েছে। এখন ঘরগুলোর পাশে আকৃতির সারিটির দিকে তাকাও। খালি ঘরে কোন আকৃতিটি বসবে? একটি বড় কালো ত্রিভুজের সাথে একটি ছোট সাদা ত্রিভুজ গেলে একইভাবে একটি বড় কালো বর্গক্ষেত্রের সাথে কোন্ আকৃতিটি যাবে?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
ঠিক ধরেছ, খালি ঘরে ছোট সাদা বর্গক্ষেত্রটি যাবে। তোমাকে ছোট সাদা বর্গক্ষেত্রটির নিচের বৃত্তে দাগ দিতে হবে বুঝানোর জন্য যে এটিই সঠিক উত্তর। তুমি কি বুঝতে পেরেছো কেন?

সব প্রশ্নের উত্তর দিন। প্রয়োজনবোধে, আরো ব্যাখ্যা করুন।

বলুন
সেভেন। এখন পরবর্তী সারির উপর তোমার আঙুলটি রাখ, যেখানে তুমি একটি হাতুড়ি দেখতে পাচ্ছ। উপরের দুইটি ঘরের ছবিগুলোর দিকে লক্ষ্য কর। এই ছবিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। এই দুইটি ছবি কিভাবে একসাথে যায় সেই সম্পর্কে চিন্তা কর।

বিরতি দিন।

বলুন
উপরের দুইটি ছবি কিভাবে একসাথে যায়?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
হ্যাঁ, প্রথম ছবিটি হচ্ছে একটি জগ এবং দ্বিতীয় ছবিটি হচ্ছে জগের ঢাকনা। এখন নিচের ছবিটির দিকে লক্ষ্য কর। এখানে তুমি একটি কার্টন দেখতে পাচ্ছ। কার্টনের পাশের খালি ঘরে কি থাকা উচিত তা চিন্তা কর। তোমার উত্তরের নিচের জায়গায় দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন
একটি জগের সাথে একটি জগের ঢাকনা গেলে একইভাবে একটি কার্টনের সাথে কি যাবে?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
হ্যাঁ, একটি কার্টনের সাথে একটি কার্টনের ঢাকনা যাবে, ঠিক যেভাবে একটি জগের সাথে একটি জগের ঢাকনা যায়। যদি তুমি অন্য কোন উত্তরের নিচের বৃত্তে দাগ দিয়ে থাক, তাহলে সেই দাগটি মুছে ফেল এবং তারপর কার্টনের ঢাকনার নিচের বৃত্তে দাগ দাও।

উত্তর মুছে ফেলা এবং সেগুলো পরিবর্তন করতে স্বাচ্ছন্দ্য বোধ করার জন্য আপনার সন্তানকে উৎসাহিত করা হচ্ছে।

আপনার সন্তানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

বলুন
আমরা এইমাত্র যা করলাম তা কি তুমি বুঝতে পেরেছো?

আপনার সন্তানের কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন। তারপর প্রশ্ন এইট–এ চলে যান।

বলুন

এইট। শেষ সারির উপর তোমার আঙুলটি রাখ, যেটির সাথে মোজা রয়েছে। উপরের দুইটি ঘরের আকৃতিগুলোর দিকে লক্ষ্য কর। এই আকৃতিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। এখন নিচের প্রথম ঘরের আকৃতিগুলোর দিকে লক্ষ্য কর। এটির পাশের খালি ঘরে কি থাকা উচিত সেই সম্পর্কে চিন্তা কর। তারপর ঘরগুলোর পাশের সারিতে তোমার উত্তরটি খুঁজে দেখ এবং সেটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি নিশ্চয়ই তৃতীয় ছবিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ। তিনটি ছোট বৃত্তের সাথে একইভাবে দুইটি ছোট বৃত্তের সাথে যায়, যেভাবে উপরের সারির তিনটি ছোট আয়তক্ষেত্রের সাথে দুইটি ছোট আয়তক্ষেত্র যায়। তুমি কি বুঝতে পারছ যে তৃতীয় উত্তরটি কেন সঠিক?

সব প্রশ্নের উত্তর দিন। প্রয়োজনবোধে পুনরায় ব্যাখ্যা করুন।

বলুন

এখন পরবর্তী পৃষ্ঠার উপরের অংশের দিকে লক্ষ্য কর। প্রথম সারির শুরুতে তুমি একটি ছোট চেয়ার দেখতে পাবে।

ও.এল.এস.এ.টি.-তে মূল্যায়িত সবগুলো দক্ষতা অনুশীলনী পরীক্ষায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

নাইন। প্রথম সারির উপর তোমার আঙুলটি নিয়ে যাও, যেখানে তুমি চেয়ারটি দেখতে পাচ্ছ। তুমি উত্তরের জায়গাটি দেখতে পাচ্ছ তা নিশ্চিত করো। ছোট চেয়ারের পাশের বিল্ডিং ব্লকগুলোর দিকে লক্ষ্য কর। একটি হৃৎপিণ্ডের ঠিক নিচের সংখ্যাটি খুঁজে বের কর। সারির পরবর্তী অংশে, সেই সংখ্যাটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

একটি হৃদয়ের ঠিক নিচের সংখ্যাটি কি?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, একটি হৃদয়ের ঠিক নিচের সংখ্যাটি হচ্ছে শুধুমাত্র 2। 3 সংখ্যাটি একটি হৃদয়ের পাশে রয়েছে কিন্তু এটি হৃদয়ের নিচে নেই। 5 সংখ্যাটি একটি হৃদয়ের উপরে রয়েছে এবং 6 সংখ্যাটি একটি হৃদয়ের পাশে রয়েছে। তুমি কি বুঝতে পারছ যে 2 সংখ্যাটি কেন সঠিক উত্তর? আমরা এইমাত্র যা করলাম তা বুঝতে না পারলে, এখুনি তোমার হাত উঠাও।

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন। তারপর প্রশ্ন 10-এ চলে যান।

বলুন

10 পরবর্তী সারির নিচে তোমার আঙুলটি রাখ, যেখানে তুমি কাঁচিটি দেখতে পাচ্ছ। সেই ছবিটির নিচের বৃত্তে দাগ দাও যা এটি দেখাচ্ছে: একটি কুকুর ও একটি বিড়ালের মাঝখানে একটি মেয়ে বসে আছে এবং একটি টিভি অনুষ্ঠান দেখছে। টিভির পিছনে একটি বাতি রয়েছে।

আকর্ষণীয় শিল্পকর্ম আপনার সন্তানের জন্য পরীক্ষাকে কম ক্লান্তিকর করে থাকে।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কি প্রথম ছবিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ? একমাত্র প্রথম ছবিটিতেই একটি বিড়াল এবং একটি কুকুরের মাঝখানে একটি মেয়ে দেখাচ্ছে এবং টিভির পিছনে একটি বাতি রয়েছে।

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন। প্রয়োজনবোধে, আরো ব্যাখ্যা করুন।

বলুন

ইলেভেন। এখন পরবর্তী সারিতে তোমার আঙুলটি নিয়ে যাও, যেখানে তুমি নৌকাটি দেখতে পাচ্ছ। সারির প্রথমদিকের ঘরগুলোর ভিতরের ছবিগুলোর দিকে লক্ষ্য কর। এই ছবিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। খালি ঘরে কোন একটা কিছু বসবে। সারির পরবর্তী অংশে, সেই ছবিটির নিচের বৃত্তে দাগ দাও যেটি দেখাচ্ছে যে সেই ঘরে কি থাকবে।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কোন্ জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, তুমি নিশ্চয়ই তৃতীয় ছবিটির নিচের বৃত্তিতে দাগ দিয়েছ। সারির প্রথমদিকের ঘরগুলোতে, ছবিগুলো দেখাচ্ছে যে একটি কুকুরের বাচ্চা বড় হচ্ছে এবং আরো বড় হচ্ছে। তৃতীয় ছবিটিতে দেখাচ্ছে যে কুকুরের বাচ্চাটি পূর্ণবয়স্ক হয়েছে, তাই এটি খালি ঘরে যাবে। তুমি কি বুঝে পেরেছো যে শুধু তৃতীয় উত্তরটি কেন সঠিক?

অনুশীলনী পরীক্ষায় কাঠিন্যের সকল স্তরের প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে, যাতে আপনার সন্তান বুঝতে পারে যে প্রকৃত পরীক্ষায় কি আসতে পারে।

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন। প্রয়োজনবোধে, আরো ব্যাখ্যা করুন।

বলুন

যদি তুমি তৃতীয় ছবিটির নিচের বৃত্তে জায়গায় দাগ দিয়ে না থাক, তাহলে তোমার দাগটি মুছে ফেল এবং তৃতীয় ছবিটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

বলুন

টুয়েল্‌ভ্। এখন শেষ সারির উপর তোমার আঙুলটি রাখ, যেটির সাথে রংধনুটি রয়েছে। রংধনুটির পাশের ঘরটির দিকে লক্ষ্য কর। ঘরটির ভিতর বৃত্ত এবং অক্ষর আছে। সারির পরবর্তী অংশে, সেই অক্ষরটির নিচের বৃত্তে দাগ দাও যেটি উভয় বৃত্তের ভিতরে রয়েছে।

বিরতি দিন।

বলুন

তুমি কোন্ জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, তৃতীয় উত্তরটি সঠিক, তাই না? শুধুমাত্র C অক্ষরটি উভয় বৃত্তের ভিতরে রয়েছে। B এবং D অক্ষরগুলো প্রত্যেকে শুধুমাত্র

একটি বৃত্তের ভিতরে আছে, এবং A অক্ষরটি উভয় বৃত্তের বাইরে আছে। যদি তুমি অন্য কোন অক্ষরের নিচের বৃত্তে দাগ দিয়ে থাক, তাহলে সেই দাগটি মুছে ফেল এবং তারপর C অক্ষরের নিচের জায়গায় দাগ দাও। কোন প্রশ্ন আছে?

আপনার সন্তানের কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

বলুন
এখন পৃষ্ঠাটি উল্টাও। প্রথম সারির শুরুতে তুমি একটি ছোট হাত দেখতে পাবে।

আপনার সন্তান পৃষ্ঠা সিক্স-এর উপরের অংশের দিকে তাকিয়ে আছে তা নিশ্চিত করুন।

বলুন
থার্টিন। হাতটির পাশের ঘরটির ছবিগুলোর দিকে লক্ষ্য কর। এই ছবিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। খালি জায়গাটিতে কোন একটা কিছু থাকবে। লো, বের করা যাক সেই জায়গায় কি থাকবে। ঘরটির প্রথম সারিতে, একটি সাদা বৃত্তের পর একটি কালো বৃত্ত আছে এবং তারপর আরেকটি সাদা বৃত্ত আছে। ঘরটির পরবর্তী সারিতে, একটি সাদা বর্গক্ষেত্রের পর একটি কালো বর্গক্ষেত্র আছে এবং তারপর আরেকটি সাদা বর্গক্ষেত্র আছে। শেষ সারিতে, একটি সাদা ত্রিভুজের পর একটি কালো ত্রিভুজ আছে। খালি জায়গায় কি বসবে?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
ঠিক ধরেছ, খালি জায়গায় একটি সাদা ত্রিভুজ বসবে। তোমাকে সাদা ত্রিভুজটির নিচের বৃত্তে দাগ দিতে হবে এটা বুঝানোর জন্য যে এটিই সঠিক উত্তর। আমরা এইমাত্র যা করলাম তা কি তুমি বুঝতে পেরেছো?

প্রয়োজনবোধে, আরো ব্যাখ্যা করুন, যাতে আপনার সন্তান বুঝতে পারে।

বলুন
ফোরটিন। এখন পরবর্তী সারিতে তোমার আঙুলটি নিয়ে যাও, যেটির সাথে ঘুড়িটি রয়েছে। সেই ঘরটির নিচের বৃত্তে দাগ দাও যেখানে একটি ত্রিভুজের পাশে একটি বর্গক্ষেত্রের ভিতরে একটি বৃত্ত আছে।

শিক্ষার্থী উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন
তুমি কি প্রথম উত্তরটির নিচে দাগ দিয়েছ? এটিই একমাত্র ঘর যেখানে একটি ত্রিভুজ আছে একটি বর্গক্ষেত্রের পাশে যার ভিতরে একটি বৃত্ত আছে। তুমি কি বুঝতে পেরেছো যে অন্য উত্তরগুলো কেন ভুল?

আপনার সন্তান ফোরটিন নম্বর প্রশ্নটি বুঝতে পেরেছে তা নিশ্চিত করুন।

বলুন
পরবর্তী সারিতে নেমে যাও, যেখানে তুমি একটি ছোট টেবিল দেখতে পাচ্ছ।

ফিফটিন। শোন। পিটার দুই টুকরো পিৎজা খেয়েছে যেগুলো তুমি সারির প্রথম অংশে দেখতে পাচ্ছ। ডেভিড ঠিক পিটারের সমান টুকরো খেয়েছে। সারির পরবর্তী অংশে, সেই ছবিটির নিচে দাগ দাও যেটিতে দেখা যাচ্ছে যে ডেভিড কত টুকরা পিৎজা খেয়েছে।

বিরতি দিন।

বলুন

তুমি কি দ্বিতীয় উত্তরের নিচে দাগ দিয়েছ, দুই টুকরো পিৎজা? পিটার দুই টুকরা খেয়েছে, এবং যদি ডেভিডও ঠিক সমান পরিমাণ খায়, তাহলে সে দুই টুকরো খেয়েছে। তুমি কি বুঝে পেরেছো?

প্রয়োজনবোধে, আরো ব্যাখ্যা করুন।

বলুন

সিক্সটিন। এখন শেষ সারিতে তোমার আঙুলটি নিয়ে যাও, যেখানে তুমি ডিমটি দেখতে পাচ্ছ। সেই ছবিটির নিচের বৃত্তে দাগ দাও যা এটি দেখাচ্ছে: দোকানের জানালায়, দুইটি পরার জিনিস এবং একটি খেলার জিনিস আছে।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কোন্ ছবিটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, শুধুমাত্র চতুর্থ ছবিটিতেই দুইটি পরার জিনিস এবং একটি খেলার জিনিস দেখাচ্ছে। তুমি কি বুঝতে পেরেছো যে চতুর্থ ছবিটি কেন সঠিক উত্তর?

আপনার সন্তান সিক্সটিন নম্বর প্রশ্নটি বুঝতে পেরেছে তা নিশ্চিত করুন।

বলুন

এখনকার মতো আমাদের কাজ শেষ। তোমার পেন্সিলটি নামিয়ে রাখ। কয়েকদিনের মধ্যে, আমরা এরকম আরো কয়েকটি সমস্যার সমাধান করবো। সেগুলো তোমার কাছে পরিচিত মনে হবে, কারণ তুমি মনে করতে পারবে যে সেগুলো কিভাবে কাজ করে। তোমার পুস্তিকাটি বন্ধ কর যাতে সামনের প্রচ্ছদটি উপরে থাকে।

দেখিয়ে দিন। তারপর পরীক্ষার পুস্তিকাটি সংগ্রহ করুন। অনুশীলনী পরীক্ষার এখানেই সমাপ্তি।

সঠিক উত্তরের তালিকা

1	2
2	5
3	1
4	3
5	2
6	3
7	2
8	3
9	1
10	1
11	3
12	3
13	4
14	1
15	2
16	4

Level A

OLSAT

Otis-Lennon School Ability Test

Seventh Edition

Arthur S. Otis • Roger T. Lennon



PRACTICE TEST

Harcourt Educational Measurement

A Harcourt Assessment Company

0154610003

Copyright © 1996 by Harcourt, Inc. Standardization edition copyright © by Harcourt, Inc. All rights reserved. No part of this publication may be reproduced or transmitted in any form or by means, electronic or mechanical including photocopy, or any information storage and retrieval system, without permission in writing from the publisher. The Harcourt logo is a trademark of Harcourt, Inc. Printed in the United States of America.

Practice Test
Level A

1

○ ○ ○ ○ ○

2

○ ○ ○ ○ ○

3

○ ○ ○ ○ ○

4



○ ○ ○ ○ ○

GO ON

5



6



7



8



GO ON

9



2 ○ 3 ○ 5 ○ 6 ○

10


○

○


○


○

11



○

○


○

○

12



A ○ B ○ C ○ D ○

13



14



15



16



STOP